গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়কের কার্যালয়,
জেলা হাসপাতাল, নওগাঁ।
ওয়েব ঃ www.health.naogaon.gov.bd

স্মারক নং তত্ত্বা/হাস/নওগাঁ/দরপত্র-এম.এস.আর/২০১৯- ২০/২০/২৭/ ৫৬২ তারিখ ঃ ১৪/০৬/২০২০ ইং।

# " আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি "

পিপিআর আইন/২০০৬ ও পিপিআর বিধিমালা/২০০৮ এবং আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহন নীতিমালা-২০১৮ অনুযায়ী আগামী ২০২০-২০২১ অর্থ বছরে জেলা সদর হাসপাতাল,নওগাঁ কার্যালয়ে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনপ্রতি নির্ধারিত মাসিক সর্বসাকুল্য সেবা মুল্যে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল (কুক, পরিচ্ছন্নতা কর্মী, ওয়ার্ড বয়, নিরাপত্তা প্রহরী, আয়া, লিফটম্যান, ডোম, মশালচী) সরবরাহের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত অভিজ্ঞ ঠিকাদার/প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহারযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রনালয়/বিভাগ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ। |
| ২ | সংস্থা | স্বাস্থ্য অধিদপ্তর। |
| ৩ | ক্রয় / সংগ্রহ স্বত্ত্বাধিকারীর দপ্তরের নাম | তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, নওগাঁ। |
| ৪ | ক্রয় / সংগ্রহ স্বত্ত্বাধিকারীর জেলা | নওগাঁ। |
| ৫ | দরপত্র আহবানকারীর নাম | ডাঃ মোঃ মুমিনুল হক । |
| ৬ | দরপত্র ও সরবরাহকারীর ধরণ | ২০২০-২০২১ অর্থ বছরের জেলা সদর হাসপাতাল, নওগাঁ'র জনবল সরবরাহ/ ক্রয়। প্রকৃত যোগ্য অভিজ্ঞ ঠিকাদার / ব্যবসায়ী / সরবরাহকারী প্রতিষ্ঠান। |
| ৭ | কাজের নাম | আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহ। |
| ৮ | দরপত্র জামানতের বিবরণ | দরপত্র জামানত হিসেবে '' তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, নওগাঁ " এর অনুকূলে ১,০০,০০০/- (এক লক্ষ ) টাকার পে অর্ডার / ব্যাংক ড্রাফট দরপত্র প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পুর্বে সরবরাহযোগ্য জনবলের জনপ্রতি ০১(এক) বছরের বেতন ও ভাতাদির ১০% হারে নিরাপত্তা জামানত হিসেবে জমাদিতে হবে যা চুক্তির মেয়াদ শেষে উক্ত জামানতের অর্থ সেবামানের ভিত্তিতে ফেরত প্রদান করা হবে। |
| ৯ | ক্রয় / সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র আহবান পদ্ধতি (Open Tender Method) । |
| ১০ | বাজেট/ অর্থের উৎস | স্বাস্থ্যে অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ( রাজস্ব / উন্নয়ন)। |
| ১১ | দরপত্র বিজ্ঞপ্তি জারীর তারিখ | ১৪/০৬/২০২০ খ্রিস্টাব্দ। |
| ১২ | দরপত্র সিডিউল বিক্রয়ের তারিখও সময় | তারিখঃ ১৬/০৬/২০২০ ইং হইতে ১৪/০৭/২০২০ ইং তারিখ পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতিত) সময় ঃ- সকাল ৯.০০ ঘটিকা হইতে। |
| ১৩ | দরপত্র দলিল বিক্রির শেষ তারিখ ও সময় | ১৪/০৭/২০২০ খ্রিস্টাব্দ, সময় ঃ সকাল ৯:০০ মিঃ থেকে অফিস চলাকালীন। |
| ১৪ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ১৫/০৭/২০২০ খ্রিস্টাব্দ, সময় ঃ সকাল ১০.০০ টা হতে দুপুর ১২.০০ টা । |
| ১৫ | দরপত্র খোলার তারিখ ও সময় | ১৫/০৭/২০২০ খ্রিস্টাব্দ, সময় ঃ দুপুর ১:০০ মিঃ। |
| ১৬ | দরপত্র বিক্রয়ের স্থান | তত্ত্বাবধায়কের দপ্তর, জেলা সদর হাসপাতাল, নওগাঁ। |
| ১৭ | দরপত্র গ্রহনের স্থান | তত্ত্বাবধায়কের দপ্তর, জেলা সদর হাসপাতাল, নওগাঁ। |
| ১৮ | দরপত্র খোলার স্থান | তত্ত্বাবধায়কের দপ্তর, জেলা সদর হাসপাতাল, নওগাঁ। |
| ১৯ | দরপত্র দাতার যোগ্যতা ও দরপত্রের সহিত যে সকল কাগজ পত্র জমা প্রদান করতে হবে। | ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন এবং কর শনাক্তকরণ নম্বর থাকতে হবে এবং সরকরারী/ আধাসরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জনবল সরবরাহের ক্ষেত্রে ৩(তিন) বছরের অভিজ্ঞতা এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক ''ডি" শ্রেনীর ঠিকাদারী লাইসেন্স থাকতে হবে। |
| ২০ | প্রার্থির যোগ্যতা ও বয়স | প্রার্থির বয়স ১৮ হতে ৬০ বছর হতে হবে এবং ৮ম শ্রেনী পাশ সহ সু স্বাস্থ্যে অধিকারী হতে হবে। |
| ২১ | বিশেষ নির্দেশাবলী | পিপিএ- ২০০৬, সর্বশেষ সংশোধনীসহ এবং পিপিআর ২০০৮ সর্বশেষ সংশোধনীসহ অনুসরনযোগ্য। পরবর্তীতে যেকোন জারীকৃত সরকারী আদেশ গ্রহনযোগ্য বলে বিবেচিত হইবে। সংগ্রাহক সত্তা কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র প্রক্রিয়াকরণের যেকোন ধাপে আংশিক বা সম্পুর্ন দরপত্র গ্রহন অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন। বিস্তারিত তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে তত্ত্বাবধায়কের কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হইল। |

(ডাঃ মোঃ মুমিনুল হক)
তত্ত্বাবধায়ক
জেলা সদর হাসপাতাল, নওগাঁ।
ই-মেইল ঃ naogaon@ hospi.dghs.gov.bd

# শর্তাবলী

**২০২০- ২০২১ অর্থ বৎসরে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের দরপত্র সিডিউলের ''শর্তাবলী''ঃ**

১। দরপত্র দাতাকে খামের উপরে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নাম উল্লেখ পূর্বক ''আউট সোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহ দরপত্র'' কথাটি লিখিতে হইবে।

২। ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, নওগাঁ'র অনুকুলে সরকারী কোষাগারে কোড নং-১-২৭১১-০০০০-২৩৬৬ এর মাধ্যমে সোনালী ব্যাংকে জমা দিয়া সিডিউল সংগ্রহ করিতে হইবে।

৩। নির্বাচিত দরপত্র দাতা ছাড়া অন্য দরপত্র দাতার বায়নার টাকা দরপত্রের চুড়ান্ত সিদ্ধান্তের পর আবেদনের মাধ্যমে ফেরৎ দেওয়া হইবে। নির্বাচিত দরপত্র দাতা নির্ধারিত জামানতের সমুদয় টাকা এবং চুক্তিপত্র দাখিলের পর আবেদনের মাধ্যমে বায়নার টাকা ফেরৎ নিতে পারিবেন।

৪। নির্বাচিত দরপত্র দাতা আউট সোর্সিং এর মাধ্যমে কাজের জনবল নিয়োগ/ সরবরাহ করিতে অস্বীকার করেন অথবা চুক্তিপত্র লঙ্ঘন করেন তাহা হইলে তাহার জামানতের টাকা বাজেয়াপ্ত করিয়া সরকারী কোষাগারে জমা দেওয়া হইবে এবং তাহার দরপত্র / কার্যাদেশ বাতিল বলিয়া গন্য হইবে।

৫। দরপত্রের প্রতিটি দর অংকে ও কথায় লিখিতে হইবে। উদ্ধৃত দর কাটা - কাটি কিংবা ঘসা- মাজা হইলে দরপত্র দাতাকে তথায় স্বাক্ষর করিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে। দরপত্র সিডিউলের প্রতি পাতায় স্বাক্ষর করিতে হইবে এবং সংযুক্ত অংগীকার নামা পূরন ও স্বাক্ষর করিতে হইবে।

৬। দরপত্রের সহিত নিম্ন লিখিত কাগজ পত্র প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করিয়া দাখিল করিতে হইবে।

ক) ২০১৯-২০২০ ইং অর্থ বছরের ট্রেড লাইসেন্স ।

খ) ২০১৯-২০২০ ইং অর্থ বছরের আয়কর পরিশোধের সনদ / টি,আই,এন, সহ।

গ) যে কোন সিডিউল ব্যাংক হইতে সম্প্রতি আর্থিক ব্যাংক সচ্ছলতার সনদ পত্র।

ঘ) ২ (দুই) কপি সাম্প্রতিক কালের পাসপোর্ট সাইজের ছবি।

ঙ) ২ (দুই) কপি নমুনা স্বাক্ষর।

চ) ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ পত্র।

ছ) কোন সরকারী প্রতিষ্ঠানে নূন্যতম ৩(তিন) বছরের জনবল সরবরাহ সংক্রান্ত অভিজ্ঞতার সনদ পত্র দাখিল করিতে হইবে।

ঝ) জাতীয় পরিচয় পত্র/ নাগরিকত্বের সনদ পত্র।

৭। কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক যে কোন সময়ে মূল সনদ পত্র দাখিল করিতে হইবে।

৮। নির্বাচিত দরপত্র দাতাকে সরবরাহ আদেশ দানের পূর্বে ১০%জামানতের টাকা ব্যাংক ড্রাফট/ ডিডির মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হইবে। নিজ খরচে = ৩০০/- (তিন শত) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি সম্পাদন করিতে হইবে।

৯। পরবর্তী বৎসরে ঠিকাদার নিয়োগ না হওয়া পর্যন্ত গৃহিত দরে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল সরবরাহের কাজ চালাইয়া যাইতে হইবে। নিয়োগকৃত জনবলের প্রতি জনের বয়স ১৮ থেকে ৬০ বছরের মধ্যে হইতে হইবে।

১০। নিয়োগ / সরবরাহকৃত জনবলের শিক্ষাগত যোগ্যতা নূন্যতম অষ্টম শ্রেণী পাশ হইতে হইবে। তবে হরিজন বা তৎসংশ্লিষ্ট জাতীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

১১। আউট সোর্সিং এ সরকারী চাকুরী প্রদান করা হইবে এইরুপ মিথ্যা প্রলোভন / আশ্বাস প্রদান করে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান প্রার্থির নিকট হইতে কোন প্রকার সুবিধা আদায় করতে পারবেন না। নিয়োগকৃত জনবলের মজুরী নিজ নামীয় ব্যাংক একাউন্ট এর মাধ্যমে প্রদেয় হইবে।

১২। ঠিকাদার কার্যাদেশের বর্ণিত নির্দিষ্ট সংখ্যক জনবল সরবরাহ করিতে ব্যার্থ হইলে কর্তৃপক্ষ অনুপস্থিত কালীন সময়ের জন্য স্থানীয় বাজার হইতে জনবল অস্থায়ী ভিত্তিতে নিয়োগ দিতে পারিবেন। সিকিউরিটি মানির নগদ অর্থ হইতে তাহার দৈনিক ভাতা পরিশোধ করিতে পারিবেন এবং পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে ঠিকাদার উক্ত টাকা পূরুণ করিয়া দিতে বাধ্য থাকিবেন এবং পরবর্তীতে খরচকৃত টাকা ঠিকাদার বিলের মাধ্যমে উঠাইতে পারিবেন। ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত জনবল দ্বারা কোন সরকারী সম্পত্তি নষ্ট, খোয়া, অপচয় বা হারাইয়া গেলে তাহা ঠিকাদার পূরণ করিতে বাধ্য থাকিবে।

১৩। দরপত্রে উল্লিখিত দর বা কমিশন ৫% এর কম হওয়া চলবে না। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে। সকল প্রকার নিয়ম নিতি মানিয়া চলিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত করা হইবে এবং ২য় /৩য় নিম্ন দর পত্র দাতাকে কার্যাদেশ বা নতুন ভাবে ঠিকাদার নিয়োগ করিতে পারিবেন। নিয়োগকৃত জনবলের ০২ কপি সত্যায়িত ছবি সহ পূর্ণ জীবন বৃত্তান্ত, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয় পত্র অত্র কার্যালয়ে জমা রাখিতে হইবে।

১৪। অর্থ বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে বিলের টাকা পরিশোধ করা হইবে।

১৫। দরপত্র নির্বাচন কমিটি কোন কারন না দর্শাইয়া যে কোন দরপত্র গ্রহন অথবা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। অভিজ্ঞ ও বিশ্বস্থ সরবরাহকারী প্রতিষ্ঠান কে অগ্রাধিকার প্রদান এবং শর্তাবলী শিথিলযোগ্য বলে বিবেচিত হবে।

১৭। বিজ্ঞপ্তি জারী হতে দরপত্র দাখিলের পুর্বদিন পর্যন্ত ৫০ লক্ষ টাকার ব্যাংক স্থিতি থাকিতে হইবে।

১৮। আউট সোর্সিং ( Outsourcing ) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ এবং পরবর্তী জারীকৃত ও জারীতব্য যে কোন সরকারী আদেশ অনুসরনযোগ্য।

# "অঙ্গীকার নামা"

আমি অত্র দরপত্র বিজ্ঞপ্তি এবং দরপত্র দলিলে উল্লেখিত সকল শর্তাবলী সঠিক ভাবে পড়িয়া দেখিলাম। উক্ত শর্তাবলী পালনে আমার কোন আপত্তি নাই এবং উক্ত শর্তাবলী যথাযথ ভাবে পালনের অঙ্গীকার করিতেছি। আমি উল্লেখিত শর্তাবলী মানিতে বাধ্য থাকিব এবং ভবিষ্যতে এই শর্তগুলির বিষয়ে আমার কোন মৌখিক বা লিখিত আপত্তি থাকিবে না। আমি সজ্ঞানে অত্র অঙ্গীকার নামায় স্বাক্ষর করিলাম।

স্বাক্ষীঃ-

১। স্বাক্ষীর স্বাক্ষরঃ

নাম ঃ

পিতার নাম ঃ

পূর্ণ ঠিকানা ঃ

মোবাইল ফোন নম্বরঃ

দরপত্র দাতার স্বাক্ষর ঃ

পূর্ণ নাম ঃ

পিতার নাম ঃ

পূর্ণ ঠিকানা ঃ

মোবাইল ফোন নম্বর ঃ

২। স্বাক্ষীর স্বাক্ষর ঃ

নাম ঃ

পিতার নাম ঃ

পূর্ণ ঠিকানা ঃ

মোবাইল ফোন নম্বরঃ

তত্ত্বাবধায়ক
জেলা সদর হাসপাতার, নওগাঁ।

স্মারক নং ঃ তত্ত্বা /হাস/নওগাঁ /২০/২৭/ ৫৬২

তারিখঃ ১৪/০৬/২০২০ ইং।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরীত হইলঃ-

১। মহা- পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষনঃ পরিচালক (অর্থ)।
২। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, নওগাঁ।
৪। পুলিশ সুপার, নওগাঁ।
৫। সিভিল সার্জন, নওগাঁ।
৬। মেয়র, নওগাঁ পৌরসভা, নওগাঁ।
৭। উপ-পরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, নওগাঁ।
৮। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, নওগাঁ।
৯। উপজেলা নির্বাহী অফিসার.........................., নওগাঁ।
১০। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা ................ , নওগাঁ।
১১। আবাসিক মেডিকেল অফিসার, অত্র কার্যালয়।
১২। জেলা হিসাব রক্ষণ অফিসার, নওগাঁ।
১৩। জেলা তথ্য অফিসার, নওগাঁ।
১৪। ডাঃ / জনাব ----------------------------------------
১৫। ক্যাশিয়ার, অত্র কার্যালয়। আপনাকে যথানিয়মে দরপত্র সিডিউল বিক্রয়ের ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা হইল।
১৬। মেসার্স -----------------------------------------------------
১৭। নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
১৮। দপ্তর নথি।

১৪/৬/২০

(ডাঃ মোঃ মুমিনুল হক)
তত্ত্বাবধায়ক
জেলা সদর হাসপাতাল, নওগাঁ।

২৪/৬/২০